



১৬ বছর বয়সী এক কিশোরের শেষমূহূর্তের গোলে নিউক্যাসেল এর বিপক্ষে লিভারপুলের নাটকীয় জয়



সংগৃহীত ছবি

আজ প্রিমিয়ার লিগের দ্বিতীয় রাউন্ডের ম্যাচে নাটকীয় এক জয় তুলে নিয়েছে লিভারপুল। সেন্ট জেমস পার্কে নিউক্যাসেল ইউনাইটেডের বিপক্ষে রোমাঞ্চকর লড়াইয়ে আর্নে স্লটের দল শেষ মুহূর্তে ৩-২ ব্যবধানে জয় ছিনিয়ে নেয়। ম্যাচের নায়ক হয়ে ওঠেন মাত্র ১৬ বছর বয়সী রিও এনগুমোহা, যার শেষ মুহূর্তের গোলে এই অসাধারণ জয় নিশ্চিত করে লিভারপুল। ম্যাচের শুরু থেকেই নিউক্যাসেল ছিল আক্রমণাত্মক। কিন্তু ৩৫ মিনিটে পাল্টা আঘাত হানে লিভারপুল। দূরপাল্লার দারুণ শটে দলকে এগিয়ে নেন রায়ান গ্রাভেনবার্শ। কিন্তু নিউক্যাসলের জন্য সবচেয়ে বড় ধাক্কাটি আসে

প্রথমার্ধের শেষ মুহূর্তে। অ্যাঙ্কনি গার্ডনের বিপজ্জনক ট্যাকলের কারণে সরাসরি লাল কার্ড দেখে মাঠ ছাড়তে হয় তাকে। ফলে পুরো দ্বিতীয়ার্ধে ১০ জন নিয়ে খেলতে হয় স্বাগতিকদের। বিরতির পরপরই লিভারপুল ব্যবধান দ্বিগুণ করে। মাত্র ২৩ সেকেন্ডের মাথায় গোল করেন হুগো একিতিকে। তখন মনে হচ্ছিল, ম্যাচটি লিভারপুলের নিয়ন্ত্রণেই। কিন্তু হাল ছাড়েনি নিউক্যাসেল। ৫৭ মিনিটে ব্রুনো গিয়ারাইসের হেডে ব্যবধান কমে আসে। আর ম্যাচের ৮৮ মিনিটে বদলি খেলোয়াড় উইল ওসুলা অসাধারণ শটে সমতা ফেরান। তবে নাটকের শেষ দৃশ্যটি লিখলেন কিশোর এনগুমোহা। ইনজুরি টাইমের দশম মিনিটে ঠাণ্ডা মাথায় দুর্দান্ত ফিনিশিংয়ে জয় নিশ্চিত করেন তিনি। ম্যাচ শেষে কোচ আর্নে স্লট উচ্ছ্বসিত কণ্ঠে প্রশংসা করেন তরুণ এই ফরোয়ার্ডকে—“১৬ বছর বয়সে এমন আত্মবিশ্বাস আর নিখুঁত শট খুব কম দেখা যায়। এনগুমোহা প্রমাণ করেছে সে কাকতালীয়ভাবে নয়, দক্ষতা দিয়েই গোল করেছে।”

অন্যদিকে, নিউক্যাসলের জন্য ম্যাচটি হয়ে ওঠে দুঃস্বপ্নের মতো। লাল কার্ডের পাশাপাশি তারা ইনজুরিতে হারিয়েছে ফাবিয়ান শার, স্যাজ্ভো টোনালি ও জোয়েলিন্টনকে। ফলে কোচ এডি হাওয়ারের সামনে কঠিন চ্যালেঞ্জ অপেক্ষা করছে বলেই মনে হচ্ছে